

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্ররাজনীতি স্থগিত: উপাচার্ঘ

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৯:১৮, ১৭ জুলাই ২০২৪



রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্ঘ অধ্যাপক ড. মো. সাব্বির সান্তার।

চলমান পরিস্থিতিতে রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) ক্যাম্পাসে ছাত্ররাজনীতি আপাতত স্থগিত থাকবে বলে মৌখিক ঘোষণা দিয়েছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্ঘ অধ্যাপক ড. মো. সাব্বির সান্তার।

UNIBOTS

Advertisement

বুধবার (১৭ জুলাই) বিকেল ৪টায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্ঘের কক্ষে সাধারণ শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা শেষে তিনি এমন ঘোষণা দেন।

এর আগে দুপুর ১২টা থেকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সৈয়দ নজরুল ইসলাম প্রশাসনিক ভবনের মূল ফটক অবরোধ করে বিক্ষোভ করেন শিক্ষার্থীরা। এসময় হল প্রশাসনের কাছে পাঁচ

দফা দাবি জানান তারা। পরে আন্দোলনরত শিক্ষার্থীদের একদল প্রতিনিধি উপাচার্ঘের সঙ্গে উন্মুক্ত আলোচনায় বসেন। এসময় চলমান উদ্ভূত পরিস্থিতি নিয়ন্ত্রণে না আসা পর্যন্ত রাবি ক্যাম্পাসে আপাতত ছাত্ররাজনীতি নিষিদ্ধ ঘোষণা করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্ঘ অধ্যাপক ড. সাব্বির সান্তার।

উপাচার্ঘ বলেন, ‘বিশ্ববিদ্যালয় হচ্ছে মুক্তচিন্তার জায়গা। এখানে রাজনীতি থাকবে এটাই স্বাভাবিক। তবে ছাত্রদের দাবির বিষয়ে আমরা আলোচনা করে সিদ্ধান্ত নেবো। এছাড়া সরকার থেকে দেশের স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয় বন্ধের ঘোষণা এসেছে। আমরা শিক্ষার্থীদের কথা চিন্তা করে হল বন্ধ রাখার নির্দেশনা দিয়েছি। হল ত্যাগের নির্দেশনা বাতিল করতে হলে ইউজিসির সঙ্গে কথা বলে সিদ্ধান্ত নিতে হবে।’

তিনি বলেন, ‘বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত শিক্ষকরা যারা আছেন তাদের অনুমতিতেই বলছি, শিক্ষার্থীদের দাবির পরিপ্রেক্ষিতে চলমান পরিস্থিতি নিয়ন্ত্রণে না আসা পর্যন্ত ক্যাম্পাসে আপাতত ছাত্ররাজনীতি স্থগিত করছি। প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এটি জানিয়ে দেওয়া হবে।’